

দ্বিতীয় ভাগ
মৌলিক বিষয়াবলি

৯। মূলনীতি ৪ সঞ্চয়ে সমৃদ্ধি।

১০। লক্ষ ও উদ্দেশ্য ৪ (১) সদস্যগণের মধ্যে সামাজিক সম্প্রীতি ও সৌহার্দ বৃদ্ধি করা।

(২) সকল সদস্যের প্রয়াসে যৌথ মূলধন গঠন করতঃ লাভজনক খাতে বিনিয়োগ করে সদস্যগণের অর্থনৈতিক উন্নয়ন।

(৩) সর্বপ্রকার রাজনৈতিক ও ধর্মীয় সংগঠনের আওতামুক্ত থেকে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সদস্যগণের আর্থিক উন্নয়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ।

(৪) জাতীয়, ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান উদযাপন, জাতীয় দুর্যোগে সহযোগিতা এবং বিভিন্ন সমাজসেবামূলক কার্যক্রমে অংশগ্রহণ।

(৫) আবাসিক সমস্যা সমাধানের জন্য ল্লট ক্রয় করে ফ্ল্যাট/বাড়ি তৈরি করে তা সদস্যগণের মধ্যে হস্তান্তর করা ও বিক্রয় করে তহবিল সংগ্রহ করা অথবা মুনাফা অর্জনে বিক্রয় করা।

(৬) দেশের সার্বিক শিক্ষা প্রসারে চেষ্টা করা।

(৭) সভ্যগণের এবং তাঁদের সন্তান-সন্ততিদের উচ্চ শিক্ষার বিষয়ে উৎসাহ দেওয়া ও প্রয়োজনীয় সহায়তা করা।

(৮) সভ্যগণের বা উহাদের এক বা একাধিক দলের যৌথ ব্যবস্থাপনায় অর্থনৈতিক কর্মসূচীতে অংশগ্রহণ করা।

(৯) ব্যবসায়িক সুবিধার্থে একক কিংবা যৌথ বিনিয়োগে ব্যবসায়িক, সামাজিক ও জনহীতকর প্রতিষ্ঠান যেমন- মার্কেট, হাসপাতাল, কমিউনিটি সেন্টার ইত্যাদি প্রতিষ্ঠা/স্থাপন করা।

(১০) ব্যবসায়িক উদ্দেশ্যে নিজস্ব মূলধন, ব্যাংক ঋণ কিংবা অন্য কোন অর্থনৈতিক প্রতিষ্ঠান বা সমবায় সমিতির সাথে যৌথ বিনিয়োগ ব্যবস্থাপনায় জমি, গৃহাদি বা অন্য কোন স্থাবর সম্পত্তি ক্রয় বা বন্দোবস্ত গ্রহণ করে ব্যবসা পরিচালনা করে মুনাফা অর্জন করা।

(১১) কারবারের মুনাফা অর্জনের জন্য প্রয়োজনে জমি, গৃহাদি, কারখানা বা অন্য কোন স্থাবর/অস্থাবর সম্পত্তি ক্রয় করা, বন্দোবস্ত/লিজ নেয়া অথবা একই উদ্দেশ্যে ঘরবাড়ি, গুদাম ইত্যাদি নির্মাণ করা।

(১২) সভ্যগণের জন্য যৌথ ব্যবস্থাপনাধীনে দীর্ঘমেয়াদে উৎপাদনমুখী প্রক্রিয়াজাতকরণ প্রভৃতি কার্যক্রমের সুযোগ সৃষ্টির লক্ষ্যে জমি ক্রয় করা অথবা একই উদ্দেশ্যে পতিত জমি বা সরকারি খাস-জমি বন্দোবস্ত বা লিজ [Lease] নেয়া।

(১৩) সমিতির আয় বৃদ্ধিমূলক বিভিন্ন ক্ষুদ্র, মাঝারি কিংবা বৃহৎ আর্থিক প্রচেষ্টা বা কর্মকাণ্ড গ্রহণ করা।

(১৪) উল্লিখিত লক্ষ ও উদ্দেশ্য অর্জনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়ক সকল কার্যক্রম গ্রহণ।

(১৫) আইন ও বিধিমালা লংঘন না করে সদস্যগণের কল্যাণ সাধনের লক্ষ্যে যেকোন কার্যক্রম গ্রহণ করা।

১১। অর্থ-সম্পদের সংস্থান ও ব্যবহার ৪ (১) গঠনতন্ত্রের ১০ অনুচ্ছেদে বর্ণিত লক্ষ ও উদ্দেশ্য অর্জনের জন্য-

(ক) অর্থ ও সম্পদের সংস্থান, স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন; এবং

(খ) সংগৃহীত ও অর্জিত অর্থ-সম্পদ-সম্পত্তি বিনিময়, বিনিয়োগ ও ব্যবহার;

এর পূর্ণ ক্ষমতা ও অধিকার সমিতির থাকবে।

(২) সমিতি সমিতির অর্থ থেকে একটি কল্যাণ তহবিল গঠন নিশ্চিত করবে এবং ইহা পরিচালনার বিধিমালা প্রণয়ন করবে।

১২। বৈশিষ্ট্য ৪ সমিতি একটি-

(ক) বহুমুখ বা বহুমুখী;

(ক) লাভজনক, উন্নয়নমুখী ও সেবামুখী এবং

(খ) সম্পূর্ণ অরাজনৈতিক, স্বতন্ত্র ও স্বাধীন

প্রতিষ্ঠান।